গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

রাজস্ব (এসএ) শাখা

**বিষয়: জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির নভেম্বর/২৩ মাসের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শাহগীর আলম<br>জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া |
| সভার তারিখ | ২৬ নভেম্বর, ২০২৩ |
| সভার সময় | বেলা ১১:৩০ টা |
| স্থান | জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়াকে অক্টোবর/২০২৩ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ করার অনুরোধ জানান। অক্টোবর/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া জানান যে, ব্রাহ্মণবাড়িয়া জেলায় ২০২২-২৩ অর্থ বছরে ১৭৮৭ টি প্রকৃত ভূমিহীন পরিবারকে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এ পর্যন্ত ৭৭৩ টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। নিয়মিত খাসজমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), (সকল) কে অনুরোধ জানান।

<u>ব্রাহ্মণবাড়িয়া জেলার খাস জমির বর্তমান অবস্থা:</u>

| | ২০২৩-২৪ অর্থ বছরে বন্দোবস্তযোগ্য মোট কৃষি খাস জমির পরিমাণ (একর) | নভেম্বর/২৩ মাসে বন্দোবস্তকৃত খাস জমির পরিমাণ (একর) | চলতি মাসে উপকৃত পরিবারের সংখ্যা | ২০২৩-২৪ অর্থ বছরে বন্দোবস্তকৃত খাসজমির পরিমাণ (একর) | ২০২৩-২৪ অর্থ বছরে উপকৃত পরিবার সংখ্যা | বন্দোবস্তযোগ্য অবশিষ্ট কৃষি খাসজমির পরিমাণ (একর) | ২০২২-২৩ অর্থ বছরে কবুলিয়ত সম্পাদনের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৩৩.৮৭৭৫ | **১.১২** | **৫৬** | ১.৮৬ | ৯৩ | ১৩২.০১৭৫ | ১০৭ |
| | ৫২৬.৬৮৫৫ | - | - | | | ৫২৬.৬৮৫৫ | ৫০ |
| | ১২৩১.৪৮ | - | - | | | ১২৩১.৪৮ | ২৫৪ |
| | ০.৫৬ | | | ০.০৪ | ০২ | ০.৫২ | ০৪ |
| | ২৫৯.২৫৭৫ | **১.৪৪** | **৭২** | ১.৯৪ | ৯৭ | ২৫৭.৩১৭৫ | ১৪০ |
| | ৫.৯০ | - | | ০.০৯ | ০২ | ৫.৮১ | ১৩১ |
| | ৪১৮.২৩ | - | | ১১.০২ | ৫৫১ | ৪০৭.২১ | ৬৪৫ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৭.০৭ | **০.২৮** | **১৪** | ০.৫২ | ২৬ | ২৬.৫৫ | ৪৫৪ |
| ৩২০.৪০ | | | ০.১০ | ০২ | ৩২০.৩০ | ০২ |
| ২৯২৩.৪৬০৫ | **২.৮৪** | **১৪২** | **১৫.৫৭** | **৭৭৩** | ২৯০৭.৮৯০৫ | ১৭৮৭ |

বিস্তারিত আলোচনা শেষে নভেম্বর/২০২৩ মাসের সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পর্যায়ে কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভার কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | ১.১। উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভার কার্যবিবরণী প্রতি মাসে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>১.২। সকল উপজেলা হতে খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভার নভেম্বর ২০২৩ মাসের কার্যবিবরণী পাওয়া গেছে। এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ব্রাহ্মণবাড়িয়া |
| ২. | সভাপতি বলেন যে, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ের ২৫/০৯/২০১৩ খ্রি. তারিখের ০০.৪২.০০০.২১.০১ .০০৭. ২০১১-৬৪২(৮) নং স্মারকের আলোকে KPI অনুযায়ী এ জেলায় ২০২২-২৩ অর্থ বছরে ১৭৮৭ জন প্রকৃত ভূমিহীন পরিবারকে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে ৭৭৩ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। এ ধারা অব্যাহত রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া সহকারী কমিশনার (ভূমি) গণ সরেজমিন পরিদর্শনক্রমে প্রত্যয়নসহ বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২। ভূমিহীন ও গৃহহীন পরিবারকে খাস জমি প্রদানের মাধ্যমে পুনর্বাসনের লক্ষ্যে প্রত্যেক উপজেলা হতে প্রতি মাসে নির্ধারিত খাস জমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া এবং সহকারী কমিশনার (ভূমি), (সকল) ব্রাহ্মণবাড়িয়া |
| ৩. | <u>(ক) বন্দোবস্ত প্রস্তাব</u><br>KPI টার্গেট পূরণ এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে আখাউড়া উপজেলা হতে প্রাপ্ত খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত বিবিধ মোকাদ্দমা নং ০১/২০২৩-২৪ থেকে ১৪/২০২৩-২৪ পর্যন্ত ১৪ টি প্রস্তাব পাওয়া যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><u>(খ) বন্দোবস্তকৃত নথির কার্যক্রম সম্পন্নকরণ:</u><br>বিভিন্ন বন্দোবস্ত গ্রহীতাগণ কর্তৃক এ কার্যালয়ে দাখিলকৃত আবেদন পর্যালোচনায় দেখা যায় যে, পূর্বে বন্দোবস্ত প্রদান করা হয়েছে অথচ কবুলিয়ত সম্পাদন, নামজারি ও দখল বুঝিয়ে দেয়া হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৩.(ক)। আখাউড়া উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত বিবিধ মোকদ্দমা নং ০১/২০২৩-২৪ থেকে ১৪/২০২৩-২৪ পর্যন্ত মোট ১৪ টি প্রস্তাব সঠিক থাকায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.(খ)। যে সকল উপজেলায় বন্দোবস্তকৃত ভূমির কবুলিয়ত সম্পাদন, নামজারি ও দখল বুঝিয়ে দেয়া সম্পন্ন হয়নি সে সকল উপজেলায় অবিলম্বে কবুলিয়ত সম্পাদন, নামজারি ও বন্দোবস্ত গ্রহীতার অনুকূলে দখল বুঝিয়ে দেয়ার বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করতে হবে। নামজারির ক্ষেত্রে সরকারি নতুন সার্কুলার/পরিপত্র অনুযায়ী ফি আদায় করতে হবে। ভূমিহীনদের কোন কাজ যেন অনিষ্পন্ন না থাকে সে দিকে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া এবং সহকারী কমিশনার (ভূমি), আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া ও সহকারী কমিশনার (ভূমি), (সকল), ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | কৃষি খাস জমির নিরাপত্তা এবং ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.১। সহকারী কমিশনার (ভূমি)গণ কে তাদের অধিক্ষেত্রের সকল কৃষি খাস জমির নিরাপত্তা নিশ্চিত করতে হবে। কৃষি খাসজমি বন্দোবস্তসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করার পূর্বে সহকারী কমিশনার (ভূমি)গণ সরেজমিন পরিদর্শন করে প্রস্তাব প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.২। সহকারী কমিশনার (ভূমি)গণ উপজেলার অবৈধ দখলে থাকা কৃষি খাসজমি চিহ্নিতকরণসহ উচ্ছেদের বিষয়ে কৃষি খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত মাসিক সভায় অবহিত করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ বিষয়টি নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া এবং সহকারী কমিশনার (ভূমি), (সকল) ব্রাহ্মণবাড়িয়া |
| ০৫. | ভূমিহীন পরিবারের মধ্যে কবুলিয়ত সম্পাদন সম্পর্কিত তথ্য প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সহকারী কমিশনার (ভূমি)গণ কে ছক মোতাবেক কবুলিয়ত সম্পাদনের অগ্রগতির তথ্য প্রতি মাসের ০১ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), (সকল), ব্রাহ্মণবাড়িয়া |
| ০৬ | পতিত কিন্তু আবাদযোগ্য কৃষি খাসজমির তথ্যাদি ও ব্যবস্থাপনা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সহকারী কমিশনার (ভূমি)গণ পতিত কিন্তু আবাদযোগ্য এমন কৃষি খাসজমির তথ্য তফসিলসহ প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলার কৃষি কর্মকর্তাদের নিকট প্রেরণ করবেন এবং এ কার্যালয় কে অনুলিপি প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), (সকল), ব্রাহ্মণবাড়িয়া |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১২.০৬.০১৩.২৩.২০৪৩

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) জনাব র. আ. ম. উবায়দুল মোকতাদির চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও সম্মানিত উপদেষ্টা, জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, ব্রাহ্মণবাড়িয়া

২) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম

৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

৬) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া

৭) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

৮) উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ব্রাহ্মণবাড়িয়া

৯) সহকারী কমিশনার (ভূমি) (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

১০) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ( কার্যবিবরণীটি ওয়েবপোর্টালে আপলোড করার অনুরোধসহ)।

১১) সহকারী বন সংরক্ষক, ব্রাহ্মণবাড়িয়া

১২) জনাব ফরিদ উদ্দিন দুলাল, পিতা: মৃত ছিদ্দিকুর রহমান, সাং উজানিশহর, উপজেলা: ব্রাহ্মণবাড়িয়া সদর (জেলা কৃষক সংগঠনের প্রতিনিধি), ব্রাহ্মণবাড়িয়া

১৩) বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মো: আবু হোরায়রাহ, পিতা: সুবেদার (অব:) আব্দুল আউয়াল, সাং কান্দিপাড়া (কৃষক সমবায় সংগঠনের প্রতিনিধি), ব্রাহ্মণবাড়িয়া

১৪) ............................................., মুক্তিযোদ্ধা সংগঠনের প্রতিনিধি, ব্রাহ্মণবাড়িয়া



মোঃ শাহগীর আলম

জেলাপ্রশাসক